গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
প্লট নং- ০২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ,
সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
[www.dnbc.gov.bd]

## অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নথি নিষ্পন্নের ক্ষেত্রে যথাযথভাবে যাচাই-বাছাই ছাড়া কমিশনার পর্যন্ত নথি চলে আসছে। ফলে অনেক ক্ষেত্রেই জিজ্ঞাসা বা প্রশ্ন দিয়ে পুনরায় নথি ফেরত প্রদান করতে হচ্ছে। এতে অনাকাঙ্ক্ষিত বিলম্বের সৃষ্টি হচ্ছে। এছাড়াও কমিশনার পর্যায়ে নথি পুংখানুপুঙ্খভাবে যাচাই বাছাই করা সম্ভবপর নয়। যথাযথ আইনি প্রবিধান মেনে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহকে দ্রুত সেবা প্রদানে এ দপ্তর বদ্ধ পরিকর ।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হলোঃ

ক. এ দপ্তরে পেশকৃত আবেদন সহকারী রাজস্ব কর্মকর্তাগণ দ্রুততম সময়ে নথিতে পেশ করবেন এবং যে আবেদন যে পর্যায়ে নিষ্পত্তিযোগ্য তা সেই পর্যায়ে দ্রুততম সময়ে আইনানুগভাবে নিষ্পত্তি করতে হবে;

খ. বন্ডেড ওয়্যারহাউস সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কাস্টমস আইন, ২০২৩ এ সুনির্দিষ্ট বিধি বিধান রয়েছে। পাশাপাশি বিভিন্ন বিষয়ে বন্ডেড ওয়্যারহাউস সংক্রান্ত সুনির্দিষ্ট এসআরও ও প্রাসঙ্গিক বিধি বিধান রয়েছে । উক্ত বিধি বিধান সমূহে যে সব শর্ত/পরিপালনীয় বিষয়াদি রয়েছে তা নোটাংশে উল্লেখপূর্বক সেগুলি পরিপালিত হয়েছে কিনা তা নিশ্চিতপূর্বক সংশ্লিষ্ট সহকারি রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তা পর্যায়ে যথাযথ ভাবে প্রত্যয়ন করতঃ নথি পেশ করতে হবে;

গ. সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ( সহকারী কমিশনার/উপ কমিশনার) প্রতিটি ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তাগণ যথাযথভাবে প্রত্যয়ন করেছেন কিনা তা যাচাইসহ আইনগত যথার্থতা নিশ্চিত করবেন;

ঘ. যুগ্ম কমিশনার/অতিরিক্ত কমিশনারগণ সার্বিক বিষয়টি যথাযথভাবে তত্ত্বাবধান করতঃ নথি কমিশনার পর্যায়ে অগ্রায়ন করবেন অথবা যে পর্যায়ে নিষ্পত্তিযোগ্য সেই পর্যায়ের কর্মকর্তা তা আইনানুগভাবে নিষ্পত্তি করবেন ;

ঙ. প্রতিটি ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা ২০২৪ এর অনুচ্ছেদ ১১৪ এর বিধান মতে সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করতে হবে; এবং

চ. এই অফিস আদেশের নির্দেশনা অনুসারে যথাযথভাবে যাচাইপূর্বক প্রস্তাব পেশ করা হলো মর্মে নোটাংশে উল্লেখ করতে হবে।

০৩। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এর ক্ষমতাবলে এই অফিস আদেশ জারি করা হলো।

০৪। জনস্বার্থে এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ
[মো: মালেকীন নাসির আকন্দ]
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন: ০২২২৪৪৭১২০৮

নথি নং- ০৮.০১.২৬৫৩.০০১.০৯.০০১.২২ , ৫৭৬৪ ( ) তারিখ: ২০ /০৮/২০২৫

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা;
২। যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা;
৩। উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা;

C:\Users\User\Desktop\আদেশ2.docx

CS CamScanner

৪। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা; (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো);

৫। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা;

৬। সহকারী রাজস্ব কর্মকর্তা, (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা;

৭। পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);

৮। অফিস কপি।

১০.০৪.১৮

[মো: মালেকীন নাসির আকন্দ]
সহকারী কমিশনার

CamScanner